মেয়রের
কৌঁসুলি

@NYCMayorCounsel

Kapil Longani
মেয়রের কৌঁসুলি

Alexis Blane
প্রধান সহকারী কৌঁসুলি

Bess Chiu
প্রধান

Katherine Cocklin
সহকারী কৌঁসুলি

চেকপয়েন্ট সংক্রান্ত প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্ন

নিউ ইয়র্ক সিটি কেন অনির্দিষ্ট চেকপয়েন্টগুলি কার্যকর করেছে?
এই চেকপয়েন্টগুলি হল শিক্ষামূলক সাধনী এবং ভ্রমণকারীরা যাতে নিউ ইয়র্কের ভ্রমণ সংক্রান্ত নিষেধাজ্ঞাগুলি বোঝেন এবং মেনে চলেন তা সুনিশ্চিত করার জন্য এটি তৈরি করা হয়েছে।

বিশাল ত্যাগ ও অধ্যবসায়ের মাধ্যমে নিউ ইয়র্ক সিটি COVID-19-এর প্রাদুর্ভাব হ্রাস করেছে এবং সারা দেশের মধ্যে পরীক্ষার ইতিবাচক ফলের হার সবথেকে কম করেছে। এখনই আমরা উদাসীন হয়ে পড়ার মতো ভুল করতে পারি না।

নিউ ইয়র্ক সিটির ভ্রমণ সংক্রান্ত নিষেধাজ্ঞাগুলি কী কী?
নিউ ইয়র্ক স্টেটের আইন অনুসারে নিউ ইয়র্ক স্টেটে প্রবেশ করা যেকোনও ব্যক্তি যদি নিউ ইয়র্ক দ্বারা জারি করা নিষিদ্ধ স্টেটের তালিকায় (Restricted State List) থাকা কোনও স্টেটে 24 ঘণ্টার বেশি থেকে থাকেন তাহলে:

1. তাকে নিউ ইয়র্ক স্টেটের ভ্রমণকারী স্বাস্থ্য ফর্ম পূরণ করার মাধ্যমে রেজিস্টার করতে হবে।
2. নিষিদ্ধ তালিকায় থাকা স্টেট থেকে আসার দিন থেকে 14 din পর্যন্ত কোয়ারেন্টিন জরুরি অবস্থা, চিকিৎসা সহায়তা বা স্টেট ছেড়ে যাওয়ার মতো অবস্থা ব্যতীত নিজের বাড়িতে বা আপনি যেখানে থাকছেন সেখানে থাকা) থাকতে হবে।
3. নিষিদ্ধ স্টেট থেকে নিউ ইয়র্ক সিটিতে আসা অত্যাবশ্যক কাজে যুক্ত কর্মীদেরকে অবশ্যই স্টেটের স্বাস্থ্য দপ্তরের (State Departmnet of health) নির্দেশিকা অনুসরণ করতে হবে।

কাদের উপর নিউ ইয়র্ক সিটির ভ্রমণ সংক্রান্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য?
যেকোনও ব্যক্তি যিনি গত 14 দিনের মধ্যে নিউ ইয়র্ক দ্বারা জারি করা নিষিদ্ধ স্টেটের তালিকায় থাকা স্টেটে 24 ঘণ্টার বেশি সময় অতিবাহিত করেছেন। এর মধ্যে অন্তর্ভুক্ত হল নিউ ইয়র্কের সেই সকল অধিবাসী যারা অন্য স্টেটে গেছেন এবং তার সাথে সাথে নিউ ইয়র্কে আসা ব্যক্তিগণ।

আমি যে স্টেটে গিয়েছিলাম সেটি নিউ ইয়র্ক দ্বারা জারি করা নিষিদ্ধ স্টেটের তালিকায় আছে কিনা তা আমি কোথায় দেখতে পাব?
এটি দেখুন: নিউ ইয়র্ক দ্বারা জারি করা নিষিদ্ধ স্টেটের তালিকা।

আমি নিউ ইয়র্ক শহরের বাসিন্দা। আমাকে কি নিউ ইয়র্ক স্টেটের ভ্রমণকারীর স্বাস্থ্য ফর্ম পূরণ করতে হবে এবং 14 দিনের জন্য কোয়ারেন্টিনে থাকতে হবে?
হ্যাঁ, আপনি যদি নিউ ইয়র্ক দ্বারা জারি করা নিষিদ্ধ স্টেটের তালিকায় থাকা কোনও স্টেট থেকে নিউ ইয়র্কে আসেন এবং বা নিউ ইয়র্ক থেকে এমন কোনও স্টেটে যান এবং সেই স্টেটে 24 ঘণ্টার বেশি সময় অতিবাহিত করেন তাহলে আপনাকে ফর্মটি পূরণ করতে হবে। অত্যাবশ্যক কাজে যুক্ত কর্মীদেরকে অবশ্যই স্টেটের স্বাস্থ্য দপ্তরের নির্দেশিকা অনুসরণ করতে হবে।

চেকপয়েন্টগুলিতে কী হবে?

1. ব্যক্তিদেরকে জিজ্ঞাসা করা হবে যে তারা গত 14 দিনে নিউ ইয়র্ক দ্বারা জারি করা নিষিদ্ধ স্টেটের তালিকায় থাকা কোনও স্টেটে 24 ঘণ্টার বেশি সময় অতিবাহিত করেছেন কিনা।
2. যদি করে থাকেন, তাহলে ব্যক্তিটিকে নিউ ইয়র্ক স্টেটের ভ্রমণকারী স্বাস্থ্য ফর্ম পূরণ করতে হবে। ফর্মটি অনলাইন-এ উপলভ্য এবং যত দ্রুত সম্ভব পূরণ করতে হবে, নিউ ইয়র্ক সিটিতে এসে পৌঁছানোর এক দিন আগে বা চেকপয়েন্টে থাকাকালীন।

আমাকে কতক্ষণ রাখা হবে?
কয়েক মিনিট মাত্র। রেজিস্ট্রেশন ফর্মটি পূরণ করতে 5 মিনিটেরও কম সময় লাগে। আপনি আগে থেকে অনলাইন -এ ফর্মটি পূরণ করার মাধ্যমে এই বিলম্ব এড়াতে পারেন, নিউ ইয়র্ক সিটিতে পৌঁছানোর এক দিন আছে।

চেকপয়েন্টগুলি কে পরিচালনা করছেন?
অন্যান্য আইন প্রণয়নকারী এজেন্সিগুলির সহযোগিতায় নিউ ইয়র্ক সিটির শেরিফ এগুলি পরিচালনা করছেন।

আমি নিউ ইয়র্ক স্টেটের ভ্রমণকারীর স্বাস্থ্য ফর্মটি পূরণ করেছি এটির জন্য আমাকে কী প্রমাণ প্রদর্শন করতে হবে?
ফর্মটি পূরণ করার পরে আপনার নিশ্চিতকরণ পৃষ্ঠার স্ক্রিনশট নিয়ে রাখা উচিৎ। ফর্মটি যত তাড়াতাড়ি সম্ভব পূরণ করতে হবে, নিউ ইয়র্ক সিটিতে এসে পৌঁছানোর এক দিন আগে।

আমি যদি নিউ ইয়র্ক সিটিতে ঢুকে পড়ি এবং কেউ আমাকে না থামায় তাহলে কী হবে?
আপনি যদি নিউ ইয়র্ক দ্বারা জারি করা নিষিদ্ধ স্টেটের তালিকায় থাকায় কোনও স্টেটে গত 14 দিনের মধ্যে 24 ঘণ্টার বেশি সময় অতিবাহিত করে থাকেন তাহলে আপনাকে নিউ ইয়র্ক স্টেটের ভ্রমণকারীর ফর্মটি পূরণ করতে হবে।

আমি যদি স্টেটে আইন না মানি এবং রেজিস্টার না করি এবং/অথবা কোয়ারেন্টিনে না থাকি তাহলে কী হবে?
আমরা জানি যে জনস্বাস্থ্যের স্বার্থ এবং COVID-19-এর প্রাদুর্ভাব হ্রাস করার জন্য প্রত্যেকেই সহযোগিতা করবেন। তবে, নিয়মগুলি না মানার প্রকৃত ব্যতিক্রমের ক্ষেত্রে, স্টেটের আইন অনুসারে ব্যক্তিকে গুরুতর জরিমানা করা হতে পারে।

আমি যদি ভ্রমণকারীর ফর্মটি পূরণ করতে প্রত্যাখ্যান করি তাহলে কী হবে?
ভাইরাসের প্রাদুর্ভাব রোধ করার জন্য নিউ ইয়র্কের বাসিন্দারা প্রচুর ত্যাগ স্বীকার করেছেন এবং আমরা আশা করি তারা সহযোগিতা করবেন। সমস্ত ভ্রমণকারীকে ফর্মটি পূরণ করার জন্য সবরকমের সুযোগ প্রদান করা হবে। কেবলমাত্র চূড়ান্ত পরিস্থিতির ক্ষেত্রে ব্যক্তিদের জরিমানা করা হবে।

আমাকে যদি কোনও পরিচয়পত্র দেখাতে বলা হয় তাহলে কী হবে?
এই থামানোর সময়গুলি খুব কম হবে এবং তা শিক্ষামূলক হবে। সবথেকে বেশি যেটা হতে পারে সেটা হল, ভ্রমণকারীকে নিউ ইয়র্ক স্টেটের আইনের অধীনে গাড়ি চালানো সম্পর্কিত নথিপত্র দেখাতে বলা হতে পারে (যেমন গাড়ির রেজিস্ট্রেশনের কাগজ)।

অভিবাসন স্থিতির বিষয়ে জিজ্ঞাসা করা হবে/রেজিস্টার করা হবে?
না।

যে ব্যক্তি আমাকে থামাবেন, তিনি কি আমার ভাষায় কথা বলবেন?
চেকপয়েন্টগুলিতে ভাষা অনুবাদ পরিষেবা উপলভ্য থাকবে।

চেকপয়েন্টগুলি কোথায় হবে?
চেকপয়েন্টের অবস্থানগুলির বিষয়ে শেরিফ প্রতিদিন টুইটারে পোস্ট করবেন: @NYCSHERIFF

কিছু সহায়ক সংস্থানগুলি কী কী?
প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নগুলির উত্তর: স্টেটের বাইরে থেকে NYS-এ এসে পৌঁছানোর পরে ভ্রমণকারীর উপর কোয়ারেন্টিন সম্পর্কিত নিষেধাজ্ঞা
NYS COVID-19 ভ্রমণ সম্পর্কিত উপদেশ
স্টেটের বাইরে থেকে নিউ ইয়র্ক স্টেটে এসে পৌঁছানোর পরে ভ্রমণকারীর উপর কোয়ারেন্টিন সম্পর্কিত নিষেধাজ্ঞা